

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং- ৩৩.০০.০০০০.১৪৬.১১.০১৬.১৯-৫৯৭

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৬  
০১ ডিসেম্বর ২০১৯

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩/০৫/২০১৯ তারিখের স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.১১.০১৮-১৩৫ এর সুপারিশ মোতাবেক মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের নন-ক্যাডার প্রকাশনা কর্মকর্তা পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে কতিপয় শর্তসাপেক্ষে নিয়োজিত কর্মস্থলে ও পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল:

ক্র:নং	নাম ও স্থায়ী ঠিকানা	রেজিঃ নং	নিজ জেলা	পদবি ও কর্মস্থল
১।	মেহেদী হাসান পিতা: সিরাজ বেপারী গ্রাম: আলী পুর ডাকঘর: এনায়েত নগর থানা/উপজেলা: কালকিনি জেলা: মাদারীপুর	০১৮৪৪৫	মাদারীপুর	প্রকাশনা কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

**শর্তাবলী:**

- (ক) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (খ) তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সরকারি যেরূপ স্থির করবে সেযুগে ০২ (দুই) মাস মেয়াদী পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (গ) তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;
- (ঘ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ঙ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ছ) প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।
- (জ) The Government Servants (Conduct) Rules ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
- (ঝ) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

চলমানপাতা/০২

পূর্ব পৃষ্ঠার পর

- (ঞ) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।  
(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।  
(ঠ) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কর্যকর হবে।

০২। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৯/১২/২০১৯ তারিখের মধ্যে তাঁর নামের বিপরীতে বর্ণিত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হল। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মো: আবদুর রহমান)  
উপসচিব

ফোনঃ ৯৫৪০৪৩৮

e-mail:administration-1@mofl.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। উপপরিচালক(যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (নিয়োগকৃত কর্মকর্তার জন্য ০২ (দুই) মাস মেয়াদী বিভাগীয়/বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জনাব মেহেদী হাসান, পিতা: সিরাজ বেপারী, গ্রাম: আলী পুর, ডাকঘর: এনায়েত নগর, থানা/উপজেলা: কালকিনি, জেলা: মাদারিপুর।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ০৯। অফিস কপি।